225

দৈনিক বাংলা

তারিখ ... 0 8 JUL 1995 ..
পৃষ্ঠা 1 কলাম 4 ..

# ঢাকা ভার্সিটিতে ২০ ছাত্র ভর্তির বিষয়ে আজ চূড়ান্ত সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের গুরুত্বপূর্ণ সভা সকাল ১১টায় ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আজকের সভায় বাণিজ্য অনুষদের ২০ জন মেধাবী ছাত্রের ভর্তির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হবে।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যান্সেলর, কোষাধ্যক্ষসহ সকল অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোস্টগণ উপস্থিত থাকবেন।

এই সভায় ২০ জন ছাত্রের ভর্তির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের একজন সদস্য জানান, সভায় তাদের পুনরায় ভর্তি পরীক্ষা নেয়ার ব্যাপারে কাউন্সিল সদস্যদের মতামত গ্রহণ করা হবে।

তিনি বলেন, এ বিষয়টি নিয়ে কাল-

(৮-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ক্ষেপণের কোন প্রয়োজন নাই। ঐ সদস্য বলেন, এ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত পাঁচ বছরে তিন শতাধিক ছাত্র ভর্তি প্রক্রিয়া কঠোর হওয়া সত্ত্বেও বিভিন্ন উপায়ে ভর্তি হয়েছে—যা অনেকেই অবগত আছেন। এই ২০ জন মেধাবী ছাত্রের ভর্তির ব্যাপার নিয়ে বিরোধিতা হওয়া দুঃখজনক বলে তিনি মন্তব্য করেন।